


METRAC
ACTION ON VIOLENCE

# প্রোটেকশন অর্ডারস (সুরক্ষা সংক্রান্ত আদেশসমূহ): পিস বন্ডসমূহ

## 1

### আপনি কি অন্য ব্যক্তিকে ভয় পান?

আপনি কি ভীত যে তিনি আপনাকে, আপনার সন্তানকে বা আপনার পোষা প্রাণীকে আঘাত করতে পারেন, আপনার সম্পত্তির ক্ষতি করতে পারেন বা একটি অন্তরঙ্গ ছবি বা ভিডিও চিত্র শেয়ার (বন্টন) করতে পারেন?

একটি পিস বন্ড পাওয়ার জন্য আপনি ফৌজদারি আদালত **(ক্রিমিনাল কোর্ট)** -এ যেতে পারেন।

## 2

### পিস বন্ড কী?

পিস বন্ড হচ্ছে একটি সুরক্ষা সংক্রান্ত আদেশ এবং কোন ব্যক্তি যা করতে পারেন তার উপর বিধিমিষেধসমূহ আরোপ করে। এইসকল বিধিনিষেধসমূহ অন্তর্ভূক্ত করতে পারে; আপনার সাথে যোগাযোগ না করা, আপনি এবং আপনার সন্তানদের থেকে দূরে থাকা, আপনার বাড়ি, কাজ বা সম্পত্তি থেকে দূরে থাকা।

ব্যক্তিকে পিস বন্ডের শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবে এবং অবশ্যই "শান্তি বজায় রাখতে হবে এবং ভাল আচরণ করতে হবে"।

আপনি যেকোন ব্যক্তির বিরুদ্ধে পিস বন্ড পেতে পারেন। তার বিরুদ্ধে পিস বন্ড পেতে হলে সেই ব্যক্তির সাথে আপনার বিবাহিত হওয়ার বা কোন সম্পর্কে থাকার প্রয়োজন নেই।

একটি পিস বন্ড ফেমিলি কোর্ট (পারিবারিক আদালত)-এর রিস্ট্রেইনিং অর্ডার (বিধিনিষেধ সংক্রান্ত আদেশ) থেকে ভিন্ন। আপনি শুধুমাত্র এমন একজনের বিরুদ্ধে একটিরিস্ট্রেইনিং অর্ডার পেতে পারেন যার সাথে আপনি বিবাহিত বা যার সাথে বাস করেছেন বা তার সাথে যদি আপনার একটি সন্তান থাকে।

## 3

### আপনি কখন পিস বন্ড-এর জন্য আবেদন করতে পারেন?

আপনি একটি পিস বন্ড-এর জন্য আবেদন করতে পারেন যদি আপনি প্রদর্শন করতে পারেন যে আপনার ভয় পাওয়ার কারণ রয়েছে যে ব্যক্তিটি:

- আপনাকে বা আপনার পরিবারের কোনো ব্যক্তিকে, আপনার সন্তানকে, বা পোষা প্রাণীকে, আঘাত করবেন, বা
- আপনার সম্মতি ছাড়া আপনার একটি অন্তরঙ্গ ছবি বা ভিডিও শেয়ার করবেন বা
- আপনার সম্পত্তির ক্ষতিসাধন করবেন

একটি পিস বন্ড-এর জন্য আবেদন করতে, আপনার সেই ব্যক্তির সাথে অন্যো আদালতে কোনো মামলা থাকার প্রয়োজন নেই।

পিস বন্ড এক বছর পর্যন্ত কার্যকর হতে পারে।

যদি সেই ব্যক্তি পিস বন্ড-এর শর্তাবলী অনুসরণ না করেন তবে পুলিশ তাদের বিরুদ্ধে অপরাধের অভিযোগ আনতে পারে।

যেহেতু ফৌজদারি আদালত হতে পিস বন্ডটি পেতে দীর্ঘ সময় লাগতে পারে,আপনার জন্য একটি সেইফটি প্ল্যান (নিরাপত্তা সংক্রান্ত পরিকল্পনা) থাকা গুরুত্বপূর্ণ।

## 4

### একটি পিস বন্ড (শান্তি বিষয়ক মুচলেকা)-এর

একটি পিস বন্ড-এর জন্য আবেদন করা সম্পর্কে আরও তথ্যের জন্য এখানে একটি পিস বন্ড-এর আবেদনের জন্য গাইডেড প্যাথওয়ে https://stepstojustice.ca/guided-pathways/guided-pathways-guided- pathway-for-applying-for-a-peace-bond/-এ দেখুন।

একটি আদালত খুঁজুন:
https://www.ontario.ca/locations/courts



## গেট হেল্প (Get Help)

একজন আইনজীবীর সাথে কথা বলুন। যদিও পিস বন্ড পেতে সাহায্য করার জন্য আপনার আইনজীবীর প্রয়োজন নেই, একজন আইনজীবীর সাথে কথা বলা সবসময়ই ভালো বুদ্ধি।

আইনজীবীদের থেকে সাহায্যের জন্য
1) লিগ্যাল এইড অন্টারিও (Legal Aid Ontario): 1-800-668-8258

2) কমিউনিটি লিগ্যাল ক্লিনিকসমূহ
https://www.legalaid.on.ca/legal-clinics/

3) বারব্রা শ্লাইফার কমমেমোরেটিভ ক্লিনিক **(Barbra Schlifer Commemorative Clinic)**: 416-323-9149 https://www.schliferclinic.com/

4) লিউক'স প্লেইস ভার্চুয়াল লিগ্যাল ক্লিনিক **(Luke's Place Virtual Legal Clinic)**: 1-866-516-3116 https://lukesplace.ca/

5) জাস্টিসনেট **(JusticeNet)**
https://www.justicenet.ca/

ফেমিলি ভাওলেন্স **(**পারিবারিক সহিংসতা**)** সংক্রান্ত সাহায্যের জন্য
1) ইমার্জেন্সি **(**জরুরী অবস্থা**)** (পুলিশ, অ্যাম্বুলেন্স, ফায়ার): 911

2) অ্যাসল্টেড উইমেন'স হেল্পলাইন **(Assaulted Women's Helpline)**: 1-866-863-0511

3) একটি নারীদের আশ্রয়স্থল খুঁজুন
www.sheltersafe.ca

4) ভিকটিম সাপোর্ট লাইন **(Victim Support Line)**: 1-888-579-2888

আইন সংক্রান্ত তথ্য **(**লিগ্যাল ইনফরমেশন**)**
1) ফেমিল ল এডুকেশন ফর উইম্যান **(Family Law Education for Women)**
https://onefamilylaw.ca/

2) অন্টারিও উইমেন'স জাস্টিস নেটওয়ার্ক **(Ontario Women's Justice Network)**
https://owjn.org/

3) কমিউনিটি লিগ্যাল এডুকেশন অন্টারিও **(Community Legal Education Ontario)**
https://www.cleo.on.ca/en

এটি শুধুমাত্র সাধারণ তথ্য। আপনার যদি আইন বিষয়ক পরামর্শের প্রয়োজন হয়, আপনার একজন আইনজীবীর সাথে যোগাযোগ করা উচিত।



যাদের দ্বারা

Ontario

TORONTO

flew
Family Law Education For Women